দৈনিক সংবাদ

তারিখ ... 23 DEC 1990
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ...

53

প্রাথমিক শিক্ষকদের ঐক্য অটুট রাখার আহ্বান

বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব গতকাল এক বিবৃতিতে বলেছেন, চলমান গণতান্ত্রিক আন্দোলনের ফলে এরশাদ সরকারের পতন হলে প্রাথমিক শিক্ষক ভবন থেকে জবরদখলকারীরা পালিয়ে যায়। ভবনটি সম্পর্কে আইনানুগ বিধিনিষেধ রয়েছে বিধায় আইন প্রয়োগকারী সংস্থার সাথে যোগাযোগ করে ভবনটিতে যাওয়ার জন্যে সমিতির কর্মকর্তারা চেষ্টা করছেন। ইতিমধ্যে যদি কোন ষড়যন্ত্রমূলক বা ব্যক্তিস্বার্থের কারণে কোন ঘটনা ঘটিয়ে থাকে তাহলে সমিতি আইন মোতাবেক সুষ্ঠু তদন্তের দাবী জানাচ্ছে।

প্রাথমিক শিক্ষক সমিতি সম্পর্কে তিনি বলেন যে, তথাকথিত প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি আজাদ ব্যক্তিস্বার্থের কারণে এরশাদ সরকারের মদদপুষ্ট হয়ে দুই লাখ প্রাথমিক শিক্ষককে ভোট ডাকাতিতে অংশগ্রহণসহ বিভিন্নভাবে দেশের এগার কোটি মানুষের কাছে হেয়প্রতিপন্ন করেছে। তার নেতৃত্বাধীন সংগঠন এখনও আজাদকে বহিষ্কারের সিদ্ধান্ত এবং কুকর্মের বিচার দাবী না করে ভিন্নতর ষড়যন্ত্রে মেতে উঠেছে। সমিতি তাদের এই ষড়যন্ত্রে বিভ্রান্ত না হয়ে সকল শিক্ষকের ঐক্য অটুট রাখার জন্য আহ্বান জানিয়েছে।